

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ।



ওয়েব সাইট : www.rdodtekhulna.gov.bd

স্মারক নং-৫৭.০৩.৩৩৪৫.১০১.০৮.০০২.২২-৬৭৬

তারিখ : ০৯ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
২৪ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনি জনাব কল্লোল রায়, চীফ ইন্সট্রাক্টর (টেক) আরএসি, সাতক্ষীরা পলিটেকনিক ইন্সটিটিউট গত ০৭/০৭/২০২২ খ্রিঃ তারিখে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রাপ্তির লক্ষ্যে পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ বরাবর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে একটি আবেদন করেছেন। আবেদন পর্যালোচনায় দেখা যায়, শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রাপ্যতার তারিখ ছিল ২৩/০৬/২০২২ খ্রিঃ তারিখ। কিন্তু আপনি বর্ধিত ইনক্রিমেন্টসহ ভাতা পাওয়ার জন্য ইচ্ছাকৃতভাবে যে তারিখে প্রাপ্য সে তারিখে আবেদন না করে ০৭/০৭/২০২২ খ্রিঃ তারিখে (১৫ দিন পরে) আবেদন করেছেন মর্মে প্রতীয়মান হয়েছে। আপনার এটা মঞ্জুর করা হলে সরকারের ১৭৮০/- (টাকা) আর্থিক ক্ষতি হবে এবং পরবর্তীতে সমগ্র বাংলাদেশে এ প্রবণতা ছড়িয়ে পড়তে পারে বলে নিম্ন স্বাক্ষরকারী আশংকা প্রকাশ করেছেন। এমতাবস্থায় আপনার বিলম্বের বিষয়ে উপযুক্ত কাগজপত্রসহ সন্তোষজনক ব্যাখ্যা আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে দাখিল করতে বলা হলো।

অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রাপক,
জনাব কল্লোল রায়,
চীফ ইন্সট্রাক্টর (টেক) আরএসি
সাতক্ষীরা পলিটেকনিক ইন্সটিটিউট।

স্বাঃ

(মোঃ ইসরাইল হোসেন)
পরিচালক (উপসচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ।

স্মারক নং-৫৭.০৩.৩৩৪৫.১০১.০৮.০০২.২২-৬৭৬(৭)

তারিখ : ০৯ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
২৪ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন/পলিটেকনিক), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, সাতক্ষীরা পলিটেকনিক ইন্সটিটিউট।
- ৪। সহকারী পরিচালক (১/৩), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সাতক্ষীরা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই সিটি সেল, অত্র দপ্তর (পত্র খানা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৭। সংরক্ষণ নথি।

২৭.৮.০২২

(মোঃ ইসরাইল হোসেন)
পরিচালক (উপসচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ।

ই-মেইল: rdokhulna@gmail.com

ফোন: ০২৪-৭৭৭০০৩৪১

১৪/০৮/২২